

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৩. কোন ব্যক্তি পায়খানায় প্রবেশকালে যা বলবে

باب مَا يَقُولُ الرَّجُلُ إِذَا دَخَلَ الْخَلَاءَ

### আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، وَعَبْدُ الْوَارِثِ، عَنْ عَبْدِ الْعَزيزِ بْنِ صَلُهَيْبٍ، عَنْ أُنَسِ بْنِ مَالِك، قَالَ كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم إِذَا دَخَلَ الْخَلاَءَ صَلُهَيْبٍ، عَنْ أُنَسِ بْنِ مَالِك، قَالَ كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم إِذَا دَخَلَ الْخَلاَءَ وَقَالَ عَنْ عَبْدِ الْوَارِثِ \_ قَالَ " أَعُوذُ بِاللهِ مِنَ الْخُبُثِ وَالْخَبَائِثِ "

#### বাংলা

৪। আনাস ইবনু মালিক (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন পায়খানায় প্রবেশ করতেন, হাম্মাদের বর্ণনা মতে, তখন তিনি বলতেনঃ "হে আল্লাহ! আমি আপনার কাছে আশ্রয় প্রার্থনা করছি।" আর 'আবদুল ওয়ারিসের বর্ণনা মতে, তিনি বলতেনঃ "আমি আল্লাহর কাছেআশ্রয় চাইছি শাইত্বানদের থেকে ও যাবতীয় অপবিত্রতা থেকে।"[1]

সহীহ: বুখারী- ১৪২ ও মুসলিম, হায়িয় অধ্যায়- ১২২, তিরমিয়ী- ৫, নাসাঈ- ১৯।

قَالَ أَبُو دَاوُدَ: رَوَاهُ شُعْبَةُ، عَنْ عَبْدِ الْعَزِيزِ: "اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ"، وَقَالَ مَرَّةً: "أَعُوذُ بِاللهِ"، وَقَالَ وُهَيْبٌ: "فَلْيَتَعَوَّذُ باللهِ".

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, শু'বাহ আব্দুল আযীয় থেকে বর্ণনা করেনঃ "হে আল্লাহ আমি তোমার কাছে আশ্রয় চাচ্ছি।" আরেক বর্ণনায় তিনি বলেনঃ আমি আল্লাহর কাছে আশ্রয় চাচ্ছি।

## **English**

Anas b. Malik reported:

When the Apostle of Allaah (sal Allahu alayhi wa sallam) entered the toilet, he used to say (before entering): "O Allaah, I seek refuge in Thee." This is



according to the version of Hammad. 'Abd al-Warith has another version:"I seek refuge in Allaah from male and female devils."

## ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ হায়িয, অনুঃ পায়খানার প্রবেশের সময় কি বলা উচিত), তিরমিয়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পায়খানায় প্রবেশের সময় যা বলতে হয়, হাঃ ৬, ইমাম তিরমিয়ী বলেন, হাদীসটি হাসান সহীহ), দারিমী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পায়খানায় প্রবেশকালে যা বলবে, হাঃ ৬৬৯) হাম্মাদ বিন যায়িদ থেকে, নাসায়ী 'আমলুল ইয়াওমি ওয়াল লায়লাহ' (অনুঃ পায়খানায় প্রবেশকালে যা বলতে হয়, হাঃ ৭৪) 'আব্দুল ওয়ারিস সূত্রে এবং তারা দু'জনেই (হাম্মাদ ও আব্দুল ওয়ারিস) 'আব্দুল 'আয়ীয় ইবনু সুহাইব থেকে আনাস সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন